



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১৪ আষাঢ় ১৪২৯

তারিখ:

২৮ জুন ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৪

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকল্পে কতিপয় বিধিনিষেধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭, তারিখ: ১২ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার লেটারের ২.১ নং অনুচ্ছেদে আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বা পর্ষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত পর্ষদের সহায়ক কমিটি যথা- নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি উক্ত আর্থিক প্রতিষ্ঠানের সাবসিডিয়ারি কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের অর্থায়নে গঠিত ও পরিচালিত কোনো কোম্পানি/প্রতিষ্ঠান বা ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ বা গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। এরূপ দায়িত্বরত ব্যক্তিকে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করতে হবে মর্মে সার্কুলার লেটারের ৩ নং অনুচ্ছেদে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান হতে এ বিষয়ে সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা পরিপালনের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধির আবেদন গৃহীত হওয়ার প্রেক্ষিতে সার্বিক বিবেচনায় সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করার সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

৪। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার লেটার নং ০৭/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক(ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।